

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবাসমূহ:

- 1) সকল শ্রেণির কৃষকের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা।
- 2) ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়া।
- 3) কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ নিশ্চিত করা।
- 4) ভিজিট সিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান দেয়া।
- 5) জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
- 6) ফসলের বালাইডি দমনে পরামর্শ প্রদান করা।
- 7) কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত এবং নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
- 8) বিভিন্ন কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
- 9) বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের মাঝে সচেতনতা তৈরি করা।
- 10) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারি প্রণোদনা/ পুনর্বাসনে কৃষি উপকরণ বিতরণ নিশ্চিত করা।
- 11) ফসলের মান সম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
- 12) জৈব সার ও জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- 13) কৃষিপন্য বিপণনে ক্রেতা ও কৃষকের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
- 14) সরকারি ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ কমাতে সহায়তা করা।
- 15) ফসলের বৈচিত্র্য আনয়নে এবং শস্য বিন্যাস উন্নতকরণে সহায়তা করা।
- 16) দেশে উৎপাদিত অপরিাপ্ত খাদ্যশস্যের (ডাল, তেল, মসলা) উৎপাদন বৃদ্ধি করা।
- 17) ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ গ্রহনে কৃষকদের সহায়তা করা।
- 18) জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহনে কৃষকদের ডাটা বেইজ তৈরি করা।
- 19) পুষ্টি উন্নয়নে বসতভিটায় ও ছাদে সবজি ও ফল বাগান সৃজনে সহায়তা করা।
- 20) মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষককে ডিজিটাল সেবা প্রদান করা।
- 21) লিফলেট, বুকলেট, মাঠ দিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
- 22) উচ্চ মূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- 23) বানিজ্যিক ফল ও সবজি উৎপাদনে কৃষকদের উৎসাহিত করা।
- 24) নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
- 25) আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহারের মাধ্যমে পরিবেশ বান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
- 26) কৃষি উপকরণ (সার, বীজ, বালাইনাশক ও চারাকলম) আমদানি ও বিপণনের লাইসেন্স প্রদান।
- 27) বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল কৃষি উপকরণ বিক্রয় রোধ করা।
- 28) সরকারি ও বেসরকারি সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃসমন্বয় করা।